# উন্নয়ন বার্তা

খুলনা জেলা প্রশাসনের ত্রৈমাসিক প্রকাশনা

সেপ্টেম্বর - নভেম্বর, ২০১৯ | সংখ্যা- ৪








জেলা প্রশাসন, খুলনা

www.khulna.gov.bd



## বাণী

স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর সোনার বাংলা গড়ার প্রত্যয়ে তাঁরই সুযোগ্য কন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃঢ় নেতৃত্বে এগিয়ে চলেছে অপ্রতিরোধ্য বাংলাদেশের অভিযাত্রা। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত দেশের কাতারে নিয়ে যেতে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে দেশব্যাপী উন্নয়নের সুফল জনগণের দোরগোড়ায় পৌঁছে দিচ্ছে জনপ্রশাসন। রূপসা-ভৈরব বিধৌত খুলনার উন্নয়নে নানামুখী পরিকল্পনা গৃহীত হয়েছে যা খুলনার জেলা প্রশাসক জনাব মোহাম্মদ হেলাল হোসেনের কর্মতৎপরতায় এগিয়ে চলেছে।

খুলনার উন্নয়ন কর্মকাণ্ড নিয়ে ইতোপূর্বে 'উন্নয়ন বার্তা' নামক ত্রৈমাসিক সাময়িকীর তিনটি সংখ্যা প্রকাশিত হয়েছে। এ তিনটি সংখ্যার সাফল্যের ধারাবাহিকতায় চতুর্থ সংখ্যা প্রকাশিত হতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। সাময়িকীটির অন্যান্য সংখ্যাগুলোর মতো এ সংখ্যাটিতেও খুলনার উন্নয়নের চিত্র বিধৃত হবে এবং তা জনগণকে সচেতন করে তুলবে মর্মে আমি আশাবাদী। পরিশেষে আমি 'উন্নয়ন বার্তা'র সাফল্য কামনা করছি এবং এটির প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে জানাচ্ছি আমার আন্তরিক অভিনন্দন।

ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার
বিভাগীয় কমিশনার, খুলনা



## বাণী

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের উন্নয়ন এক অনন্য মাত্রায় পৌঁছেছে। সমগ্র বাংলাদেশ 'মুজিববর্ষ' উদযাপনের দোরগোড়ায়। ২০২১ সালে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীর পূর্বেই প্রশাসনের কর্মতৎপরতায় আমরা পৌঁছে গেছি 'রূপকল্প-২০২১' এর লক্ষ্যে। 'টেকসই উন্নয়ন অভীষ্ট-২০৩০' এর লক্ষ্যপূরণে প্রান্তিক পর্যায়ে চলছে উন্নয়ন কর্মকান্ড। ২০৪১ সালের মধ্যে উন্নত দেশের কাতারে পৌঁছাতে প্রণিত হয়েছে 'রূপকল্প-২০৪১'। ভবিষ্যৎ প্রজন্মের জন্য সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে গৃহীত হয়েছে 'ব-দ্বীপ পরিকল্পনা-২১০০'।

নানামুখী উন্নয়নের ছোঁয়া লেগেছে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সুন্দরবন-বেষ্টিত জেলা খুলনাতেও। ২০১৯ সালের সেপ্টেম্বর থেকে নভেম্বর, এই সময়ে খুলনায় অনুষ্ঠিত হয়েছে বাংলাদেশের ইতিহাসের সর্ববৃহৎ টেনিস টুর্নামেন্ট 'শেখ রাসেল ইন্টারন্যাশনাল ক্লাব কাপ টেনিস টুর্নামেন্ট, ২০১৯' যা দেশব্যাপী ভূয়সী প্রশংসা অর্জন করেছে। জেলা প্রশাসনের উদ্যোগে খুলনা জেলার গাড়ি চলকদের জন্য ডিজিটাল হেলথ কার্ড চালু করা হয়েছে। খুলনা জেলায় 'শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়' স্থাপনের অনুমোদন দিয়েছেন মাননীয় প্রধানমন্ত্রী। এছাড়াও সমগ্র খুলনা জেলায় বাস্তবায়িত হচ্ছে জেলা প্রশাসক, খুলনা'র উদ্যোগঃ 'চাইল্ড ইন্টিগ্রিটি ও শিশু বঙ্গবন্ধু ফোরাম', 'স্যালুব্রিয়াস সেন্টার ও রিফ্রেশমেন্ট কর্নার', 'গ্রিনবেল্ট কর্মসূচি' সহ নানা ধরণের উদ্যোগ।

এসব উন্নয়নের কথা চিত্রায়িত হয়েছে 'উন্নয়ন বার্তা' এর চতুর্থ সংখ্যায়। 'উন্নয়ন বার্তা' এর অন্যান্য সংখ্যার ন্যায় এই সংখ্যাটিও সাফল্যমণ্ডিত হবে বলে আমি আশাবাদী। 'উন্নয়ন বার্তা' এর প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে জানাচ্ছি আমার আন্তরিক ধন্যবাদ।

মোহাম্মদ হেলাল হোসেন পিএএ
জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা



## বাণী

'মুজিববর্ষ'-কে সামনে রেখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গড়তে তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সমগ্র বাংলাদেশে ব্যাপক উন্নয়ন কর্মকান্ড পরিচালনা করছে জনপ্রশাসন। খুলনার সুযোগ্য জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট জনাব মোহাম্মদ হেলাল হোসেন মহোদয়ের সুদক্ষ নেতৃত্বে খুলনার সর্বস্তরে উন্নয়নের সুফল পৌঁছে যাচ্ছে। উন্নয়ন কর্মকান্ডের যথাযথ ডকুমেন্টেশন করতে এবং উন্নয়নের কথা জনগণের কাছে পৌঁছে দিতে ধারাবাহিকভাবে প্রকাশিত হয়ে আসছে 'উন্নয়ন বার্তা' নামক ত্রৈমাসিক সাময়িকীটি। চতুর্থ সংখ্যা প্রকাশের মধ্য দিয়ে বিগত এক বছরের উন্নয়নের চিত্রায়ণ পূর্ণতা পেয়েছে।

উপরন্তু, এযাবৎ প্রকাশিত 'উন্নয়ন বার্তা' এর তিনটি সংখ্যার অনলাইন ভার্সন জেলা প্রশাসন, খুলার ফেসবুক পেজ 'মিডিয়া সেল' এবং খুলনার 'জেলা বাতায়ন'-এ প্রকাশিত হওয়ায় উন্নয়নের বার্তা সহজেই জনগণের কাছে পৌঁছে গেছে। ফলে জনগণের মতামত ও চাহিদার ভিত্তিতে প্রশাসনে নতুন কাজের অনুপ্রেরণা সঞ্চারিত হয়েছে।

'উন্নয়ন বার্তা' প্রকাশে সার্বিক সহযোগিতা প্রদান করায় আমি জেলা প্রশাসক মহোদয়কে কৃতজ্ঞতা জ্ঞাপন করছি এবং এর চতুর্থ সংখ্যা প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে আমার আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি।

জিয়াউর রহমান পিএএ
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা
ও আহ্বায়ক, উন্নয়ন বার্তা প্রকাশনা কমিটি

## শেখ রাসেল ইন্টারন্যাশনাল ক্লাব কাপ টেনিস টুর্নামেন্ট, ২০১৯

### সাংবাদিক সম্মেলন



'মিট দ্য প্রেস' এ টুর্নামেন্ট প্রেসিডেন্ট ও জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

১৩ নভেম্বর, ২০১৯ তারিখ থেকে বিভিন্ন মহাদেশের ১৮ টি দেশের ২০ টি ক্লাবের মোট ৬৪ জন খেলোয়াড়ের অংশগ্রহণে শুরু হয় বাংলাদেশের টেনিস ইতিহাসের সবচেয়ে বড় আয়োজন 'শেখ রাসেল ইন্টারন্যাশনাল ক্লাব কাপ টেনিস টুর্নামেন্ট, ২০১৯'। জেলা প্রশাসন, খুলনার আয়োজনে এ টুর্নামেন্টে অংশগ্রহণকারী দেশগুলোর মধ্যে ছিল মার্কিন যুক্তরাষ্ট্র, মঙ্গোলিয়া, কোরিয়া, থাইল্যান্ড, অস্ট্রেলিয়া, ক্যামেরুন, ইতালি, নেপাল, শ্রীলংকা, তিউনেশিয়া, গ্রেট ব্রিটেন, তাজিকিস্তান, তুর্কমেনিস্তান, পাকিস্তান, ভুটান, ভারত, ইরাক ও স্বাগতিক বাংলাদেশ। ১২ নভেম্বর, ২০১৯ তারিখে টুর্নামেন্টের সার্বিক প্রস্তুতি সম্পর্কে স্থানীয় ও জাতীয় প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকদের অবহিত করতে 'Meet the Press' এর আয়োজন করে জেলা প্রশাসন, খুলনা। 'Meet the Press' এ টুর্নামেন্টের সার্বিক প্রস্তুতি নিয়ে সাংবাদিকদের ব্রিফ করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা এবং টুর্নামেন্টের আহবায়ক মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। এতে আরো উপস্থিত ছিলেন বঙ্গবন্ধুর ভ্রাতুষ্পুত্র ও খুলনা-২ আসনের সংসদ সদস্য সেখ সালাহউদ্দিন জুয়েল, খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক, খুলনা-৪ আসনের সংসদ সদস্য আব্দুস সালাম মুর্শেদী, কেএমপি এর পুলিশ কমিশনার, পুলিশ সুপার, খুলনাসহ জেলা প্রশাসনের কর্মকর্তাগণ। টুর্নামেন্টের আহবায়ক মোহাম্মদ হেলাল হোসেন পিএএ এসময় টুর্নামেন্টের প্রচার ও সফল আয়োজনে গণমাধ্যমকর্মীদের সহায়তা কামনা করেন।

### ট্রফি উন্মোচন অনুষ্ঠান



১২ নভেম্বর, ২০১৯ তারিখে অনুষ্ঠিত হয় 'শেখ রাসেল ইন্টারন্যাশনাল ক্লাব কাপ টেনিস টুর্নামেন্ট, ২০১৯' এর ট্রফি উন্মোচন এবং তৎপরবর্তী সাংস্কৃতিক অনুষ্ঠান। এ অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা ও টুর্নামেন্টের আহবায়ক মোহাম্মদ হেলাল হোসেন পিএএ।



"শহিদ হাদিস পার্কে আয়োজিত ট্রফি উন্মোচন অনুষ্ঠান"

### উদ্বোধনী অনুষ্ঠান

১৩ নভেম্বর, ২০১৯ তারিখ সকাল ১১ টায় ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে টুর্নামেন্টের শুভ উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সার্কিট হাউস মাঠ থেকে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে সংযুক্ত হন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা এবং টুর্নামেন্ট প্রেসিডেন্ট মোহাম্মদ হেলাল হোসেনসহ অন্যান্য অতিথিবৃন্দ।


মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে টুর্নামেন্টের শুভ উদ্বোধন করছেন



টুর্নামেন্টের উদ্বোধন কালে শেখ রাসেল টেনিস কমপ্লেক্স মাঠে অন্যান্য অতিথিবৃন্দের সাথে টুর্নামেন্টের আহবায়ক মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

### সমাপনী অনুষ্ঠান

১৮ নভেম্বর, ২০১৯ তারিখে টুর্নামেন্টের শেষ দিনে শেখ রাসেল টেনিস কমপ্লেক্স মাঠে অনুষ্ঠিত 'শেখ রাসেল ইন্টারন্যাশনাল ক্লাব কাপ টেনিস টুর্নামেন্ট, ২০১৯' এর পুরুষ একক ক্যাটাগরিতে চ্যাম্পিয়ন ভারতের নিতিন কুমার সিনহা এবং রানার্স আপ তিউনেশিয়ার এডাম নগৌদি এবং মহিলা এককে চ্যাম্পিয়ন মারালগো চগসোমজাভ ও রানার্সআপ যুবরানী ব্যানার্জীকে ট্রফি ও প্রাইজ মানির চেক প্রদান করেন ক্রীড়া প্রতিমন্ত্রী মোঃ জাহিদ আহসান রাসেল এমপি, খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক এবং জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা ও টুর্নামেন্টের আহবায়ক মোহাম্মদ হেলাল হোসেন পিএএ।


পুরুষ এককে চ্যাম্পিয়ন ও রানার্স আপের ট্রফি হাতে নিতিন কুমার সিনহা ও এডাম নগৌদি


মহিলা এককে চ্যাম্পিয়ন ও রানার্স আপের ট্রফি হাতে মারালগো চগসোমজাভ ও যুবরানী ব্যানার্জী

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সুদক্ষ নেতৃত্বে অনুষ্ঠিত হয় বাংলাদেশের টেনিস ইতিহাসের সবচেয়ে বড় আন্তর্জাতিক টুর্নামেন্ট 'শেখ রাসেল ইন্টারন্যাশনাল ক্লাব কাপ টেনিস টুর্নামেন্ট, ২০১৯'। জেলা প্রশাসকের সাবলীল নেতৃত্বে এই টুর্নামেন্টের সফল সমাপ্তি ঘটে। মাননীয় প্রধানমন্ত্রী এই সফল আয়োজনের ভূয়সী প্রশংসা করেন। এই টুর্নামেন্টের দরুণ খুলনা পরিচিতি পায় বিশ্ব-দরবারে। ক্রীড়ামোদী জাতি হিসেবে নতুন করে পরিচয় ঘটে বাঙালি জাতির। তাই এই টুর্নামেন্টের সফল সমাপ্তিতে টুর্নামেন্টের রূপকার জেলা প্রশাসক মোহাম্মদ হেলাল হোসেন পিএএ কে কৃতজ্ঞতার স্মারক হিসেবে ক্রেস্ট প্রদান করা হয়।


টুর্নামেন্টের সফল সমাপ্তিতে ফুলেল শুভেচ্ছায় সিক্ত হচ্ছেন জেলা প্রশাসক, জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা ও টুর্নামেন্ট প্রেসিডেন্ট মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## ‘উপজেলা সমন্বিত উন্নয়ন পরিকল্পনা প্রস্তুতকরণ’ কর্মশালা

১ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে অফিসার্স ক্লাব, খুলনায় অনুষ্ঠিত হয় ‘উপজেলা সমন্বিত উন্নয়ন পরিকল্পনা প্রস্তুতকরণ’ বিষয়ক এক কর্মশালা। স্থানীয় সরকার বিভাগের কার্যকর ও জবাবদিহিতামূলক স্থানীয় সরকার (ইএএলজি) প্রকল্পের আওতায় আয়োজিত এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। কর্মশালায় সভাপতিত্ব করেন উপ-পরিচালক, স্থানীয় সরকার, খুলনা ইশরাত জাহান।



‘উপজেলা সমন্বিত উন্নয়ন পরিকল্পনা প্রস্তুতকরণ’ কর্মশালায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যানের শপথ গ্রহণ অনুষ্ঠান

২ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, খুলনায় ডুমুরিয়া উপজেলাধীন গুটুদিয়া ইউনিয়ন পরিষদ ও কয়রা সদর ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যানদ্বয়ের শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়। শপথ বাক্য পাঠ করান জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। এসময় উপস্থিত ছিলেন উপ-পরিচালক, স্থানীয় সরকার, খুলনা ইশরাত জাহান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমান পিএএ সহ জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।



ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যানগণকে শপথবাক্য পাঠ করাচ্ছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের মাসিক সমন্বয় সভা

২ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে ইসলামিক ফাউন্ডেশন, খুলনা বিভাগীয় কার্যালয় কর্তৃক আয়োজিত মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের মাসিক সমন্বয় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। খুলনা মহানগরী পর্যায়ের শিক্ষক ও কেয়ারটেকার সমন্বয় সভায় আরো উপস্থিত ছিলেন জেলা প্রশাসন, খুলনা'র কর্মকর্তাবৃন্দ।




মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের মাসিক সমন্বয় সভায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## ‘আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস, ২০১৯’ উদযাপন

৮ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে ‘Literacy and Multiligualism (বহু ভাষায় স্বাক্ষরতা, উন্নত জীবনের নিশ্চয়তা)’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে ‘আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস, ২০১৯’ উপলক্ষে জেলা প্রশাসন, খুলনার আয়োজনে এক বর্ণাঢ্য র‌্যালি অনুষ্ঠিত হয়। র‌্যালি শেষে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত জেলা প্রশাসক, খুলনা মোঃ ইকবাল হোসেন। সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসান পিএএ। এছাড়া জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ এতে উপস্থিত ছিলেন।




‘আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস, ২০১৯’ উপলক্ষে র‌্যালি

## জেলা প্রশাসকের ফুলতলা উপজেলা পরিদর্শন

৮ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন সকাল ৯.২০ থেকে ৯.৪০ পর্যন্ত পূর্বনির্ধারিত কর্মসূচি ব্যতীত ফুলতলা উপজেলা পরিষদ পরিদর্শনকালে উপজেলা সাব-রেজিস্টার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা সমবায় অফিসার কাউকে কর্মস্থলে উপস্থিত পাননি। এ সময় জেলা প্রশাসক মন্ত্রিপরিষদ কর্তৃক সকাল ৯.০০টা থেকে ৯.৪০টা পর্যন্ত নিজ অফিসে অবস্থান করার নির্দেশনা অমান্যসহ অন্যান্য অসংগতি পরিলক্ষিত হওয়ায় তাৎক্ষণিক সবাইকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করেন।



ফুলতলা উপজেলা পরিদর্শন করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## 'সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ' বিষয়ক সেমিনার

১১ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা ও জেলা প্রশাসন, খুলনা'র যৌথ আয়োজনে এবং 'বিপিএটিসি'র কোর কোর্সসমূহের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্পে'র আওতায় অনুষ্ঠিত হয় 'সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ' বিষয়ক সেমিনার। সৈয়দ মিজানুর রহমান, এমডিএস (প্রকল্প), বিপিএটিসি-এর সভাপতিত্বে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এই সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়া, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ।



'সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ' বিষয়ক সেমিনারে বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## 'বিভাগীয় পর্যায়ে মৌসুমি প্রতিযোগিতা, ২০১৯' এর সমাপনী অনুষ্ঠান

১১ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে 'বিভাগীয় পর্যায়ে মৌসুমি প্রতিযোগিতা, ২০১৯' এর সমাপনী অনুষ্ঠান এবং সনদপত্র ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। খুলনার বয়রা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় মিলনায়তনে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমান পিএএ।



'বিভাগীয় পর্যায়ে মৌসুমি প্রতিযোগিতা, ২০১৯' এর সমাপনী অনুষ্ঠানে পুরস্কার বিতরণ করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পেইন্টিংয়ের শুভ উদ্বোধন

১৪ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে খুলনা সার্কিট হাউজের ওয়েটিং রুমে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনকে সাথে নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের এক পেইন্টিংয়ের শুভ উদ্বোধন করেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান এম.পি.। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমানসহ জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ এসময় সেখানে উপস্থিত ছিলেন। পেইন্টিংটিতে কন্যা শেখ হাসিনাকে লেখা জাতির পিতার একটি চিঠিও স্থান পায়।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পেইন্টিংয়ের শুভ উদ্বোধন করেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান এমপি

## 'ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন এবং গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি, ২০১৫' বাস্তবায়নের লক্ষ্যে কর্মশালা

১৪ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে 'ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন এবং গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি, ২০১৫' বাস্তবায়নের লক্ষ্যে খুলনা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে দিনব্যাপী এক কর্মশালা অনুষ্ঠিত হয়। প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বেগম মন্নুজান সুফিয়ান এমপি এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়ার সভাপতিত্বে এ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব জনাব কে এম আলী আজম এবং জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ।



'ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন এবং গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি, ২০১৫' বাস্তবায়নের লক্ষ্যে কর্মশালায় প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান এমপি

## ৪৮তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা

১৬ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে ৪৮তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা, ২০১৯ (জেলা পর্যায়-খুলনা) এর সমাপনী অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। খুলনা জিলা স্কুল মাঠে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। জেলা শিক্ষা অফিসারের সভাপতিত্বে এ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার, খুলনা জনাব এস. এম. শফিউল্লাহ এবং অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসান পিএএ।



৪৮তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## জেলা প্রশাসকের খুলনা শিশু হাসপাতাল পরিদর্শন

১৬ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ খুলনা শিশু হাসপাতাল পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি শিশু বিকাশ কেন্দ্র, প্যাথলজি বিভাগ, দন্ত বিভাগ, চক্ষুবিভাগসহ বিভিন্ন বিভাগ ঘুরে দেখেন। তিনি হাসপাতালটির তত্ত্বাবধায়ক ও অন্যান্য ডাক্তারদের সাথে মতবিনিময় করেন এবং হাসপাতালের সেবাদান কার্যক্রম ও ব্যবস্থাপনা সম্পর্কে গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা প্রদান করেন।



খুলনা শিশু হাসপাতাল পরিদর্শন করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## বঙ্গবন্ধু ও বঙ্গমাতা জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, ২০১৯

২৭ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনূর্ধ্ব-১৭)' এবং 'বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালিকা (অনূর্ধ্ব-১৭)' এর জেলা পর্যায়ের প্রতিযোগিতার সফল সমাপ্তি শেষে সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান সম্পন্ন হয়। চ্যাম্পিয়ন ও রানার্সআপ দলের হাতে ট্রফি তুলে দেন প্রধান অতিথি খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক। জেলা প্রশাসন, খুলনা ও জেলা ক্রীড়া অফিস, খুলনা'র যৌথ আয়োজনে খুলনা জেলা স্টেডিয়ামে অনুষ্ঠিত উভয় পর্যায়ের সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। এসময় জেলা প্রশাসনের সকল পর্যায়ের কর্মকর্তাবৃন্দ ও জেলা ক্রীড়া অফিসার উপস্থিত ছিলেন।



বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দিচ্ছেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক এবং জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## মাদকবিরোধী মতবিনিময় সভা

২৫ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এম.পি. খুলনাতে এক মাদকবিরোধী মতবিনিময় সভায় যোগ দেন। মাদকবিরোধী গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আয়োজিত খুলনা জেলার পেশাজীবীদের সাথে জেলা মাদকবিরোধী টাস্কফোর্সের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসন, খুলনা ও জেলা মাদকবিরোধী টাস্কফোর্সের যৌথ আয়োজনে এবং জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন ফরহাদ হোসেন এম.পি., প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়।



মাদকবিরোধী মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এম.পি.

## 'আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস, ২০১৯' উদযাপন

২৮ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে 'তথ্যের অধিকার, সুশাসনের হাতিয়ার; তথ্যই শক্তি, দুর্নীতি থেকে মুক্তি' এই প্রতিপাদ্যকে সামনে রেখে পালিত হয় 'আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস, ২০১৯'। এ উপলক্ষে জেলা প্রশাসন, খুলনা'র আয়োজনে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত), খুলনা মোঃ ইকবাল হোসেন। সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমান পিএএ। জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আয়োজিত এ আলোচনা সভায় জেলা প্রশাসন, খুলনা'র বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাসহ জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।




'আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস, ২০১৯' এর আলোচনা সভায় ভারপ্রাপ্ত জেলা প্রশাসক, খুলনা মোঃ ইকবাল হোসেন

## সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদকবিরোধী গণসচেতনতামূলক আলোচনা সভা

২৯ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে অনুষ্ঠিত হয় সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদকের বিরুদ্ধে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে আলোচনা সভা ও নিয়মিত ৯৮০তম দলের প্রশিক্ষণপ্রাপ্ত ইমামদের সনদ বিতরণী অনুষ্ঠান। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান এমপি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমান পিএএ।



সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদকবিরোধী গণসচেতনতামূলক আলোচনা সভা শেষে শ্রম প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান এমপি ৯৮০তম দলের প্রশিক্ষণপ্রাপ্ত ইমামদের সনদ বিতরণ করেন

## জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় জেলার সকল দপ্তরকে সমন্বিত করে জেলার সার্বিক উন্নয়ন পরিকল্পনা নিয়ে আলোচনা হয়। আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমানসহ জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ।




১৫ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় সভাপতিত্ব করছেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমান পিএএ




২০ অক্টোবর, ২০১৯ তারিখে জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় সভাপতিত্ব করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আলোচনা হয়। আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোঃ ইউসুপ আলীসহ জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ।




৮ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় সভাপতিত্ব করছেন ভারপ্রাপ্ত জেলা প্রশাসক, খুলনা ও অতিরিক্ত জেলা প্রশাসক (এল.এ.) মোঃ ইকবাল হোসেন

## মাসিক রাজস্ব সম্মেলন

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে মাসিক রাজস্ব সম্মেলন অনুষ্ঠিত হয়। সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা সারোয়ার আহমেদ সালেহীনসহ উপজেলা নির্বাহী অফিসারগণ, সহকারী কমিশনার (ভূমি)-গণ এবং জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন ।




৭ নভেম্বর, ২০১৯ তারিখে মাসিক রাজস্ব সম্মেলনে সভাপতিত্ব করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## মাসিক স্টাফ রিভিউ সভা

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে মাসিক স্টাফ রিভিউ সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন সকল অতিরিক্ত জেলা প্রশাসকবৃন্দ, বিভিন্ন শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ এবং সকল কর্মচারীবৃন্দ। সভায় নথি ব্যবস্থাপনা, ই-ফাইলিংসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা হয়।




২০ অক্টোবর, ২০১৯ তারিখে মাসিক স্টাফ রিভিউ সভায় সভাপতিত্ব করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ




২৪ নভেম্বর, ২০১৯ তারিখে মাসিক স্টাফ রিভিউ সভায় সভাপতিত্ব করছেন ভারপ্রাপ্ত জেলা প্রশাসক, খুলনা মোঃ ইকবাল হোসেন পিএএ

## 'আন্তর্জাতিক প্রবীণ দিবস, ২০১৯' উদযাপন

১ অক্টোবর, ২০১৯ তারিখে 'আন্তর্জাতিক প্রবীণ দিবস, ২০১৯' উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালি শেষে জেলা প্রশাসক, খুলনা'র সম্মেলন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমান পিএএ।



আন্তর্জাতিক প্রবীণ দিবসের র‍্যালিতে খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক

## মহামান্য রাষ্ট্রপতির সাথে জেলা প্রশাসকের সাক্ষাৎ ও কুশল বিনিময়

১ অক্টোবর, ২০১৯ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি মোঃ আব্দুল হামিদের বাংলাদেশ নৌবাহিনীর ঘাটি বনৌজা তিতুমীরে আগমন উপলক্ষে ন্যাশনাল স্ট্যান্ডার্ড প্রদান অনুষ্ঠান এবং প্রীতিভোজে অংশগ্রহণ করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন ও সামরিক-বেসামরিক কর্মকর্তাবৃন্দ। এসময় তিনি মহামান্য রাষ্ট্রপতির সাথে সাক্ষাৎপূর্বক কুশল বিনিময় করেন।



মহামান্য রাষ্ট্রপতির সাথে জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## 'আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস, ২০১৯' উদযাপন

২ অক্টোবর, ২০১৯ তারিখে 'আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস, ২০১৯' উপলক্ষে আয়োজিত হয় ভূমিকম্প ও অগ্নিকাণ্ড সচেতনতা বৃদ্ধির মহড়া। এই মহড়া অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ।




ভূমিকম্প ও অগ্নিকাণ্ড সচেতনতা বৃদ্ধির মহড়া অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## 'জাতীয় খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নীতি' বিষয়ক কর্মশালা

৩ অক্টোবর, ২০১৯ তারিখে খাদ্য মন্ত্রণালয়ের খাদ্য পরিকল্পনা ও মনিটরিং ইউনিট (এফ.পি.এম.ইউ.) এবং 'মিটিং দ্য আন্ডারনিউট্রিশন চ্যালেঞ্জ (এম.ইউ.সি.এইচ) প্রকল্প'-এর আওতায় আয়োজিত মতবিনিময় কর্মশালায় বক্তব্য প্রদান করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ।




'জাতীয় খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নীতি' বিষয়ক কর্মশালায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## কর্মজীবী ল্যাক্টেটিং মহিলাদের জন্য হেলথ ক্যাম্প

৩ অক্টোবর, ২০১৯ তারিখে 'কর্মজীবী ল্যাক্টেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচি, ২০১৮-১৯' এর আওতায় উপকারভোগী মহিলাদের জন্য স্বাস্থ্যসেবা (Health Camp) কার্যক্রম অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসন, খুলনা ও মহিলা বিষয়ক অধিদপ্তর, খুলনা'র আয়োজনে এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ।



কর্মজীবী ল্যাক্টেটিং মহিলাদের স্বাস্থ্য সহায়তা প্রদান অনুষ্ঠানে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## 'সার্বজনীন দুর্গাপূজা, ২০১৯' উদযাপন উপলক্ষে মতবিনিময় সভা

৪ অক্টোবর, ২০১৯ তারিখে 'সার্বজনীন দুর্গাপূজা, ২০১৯' উদযাপন উপলক্ষে পূজা উদযাপন কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক এর সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক। সভা শেষে খুলনা মহানগরীর বিভিন্ন পূজা উদযাপন কমিটির কাছে সরকারি অনুদানের অর্থ বিতরণ করা হয়।



'সার্বজনীন দুর্গাপূজা, ২০১৯' উদযাপন উপলক্ষে মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক

## ‘সার্বজনীন দুর্গাপূজা, ২০১৯’ পর্যবেক্ষণ

৫ অক্টোবর, ২০১৯ তারিখে শারদীয় দুর্গাপূজা উপলক্ষে বটিয়াঘাটা উপজেলা ও নগরীর বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন ও দ্বার উন্মোচন করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। এসময় তিনি জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে একটি অসাম্প্রদায়িক ও শান্তিপূর্ণ সমাজ গঠনের নিমিত্তে সার্বিক নির্দেশনা প্রদান করেন।



শারদীয় দুর্গাপূজা উপলক্ষে পূজা মন্ডপ পরিদর্শনকালে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## মৌলিক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান

৫ অক্টোবর, ২০১৯ তারিখে আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, খুলনায় ১২তম মৌলিক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ।




মৌলিক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## ‘জাতীয় জন্ম নিবন্ধন দিবস, ২০১৯’ উদযাপন

৬ অক্টোবর, ২০১৯ তারিখে ‘জন্মসনদ শিশুর অধিকার, বাস্তবায়নের দায়িত্ব সবার’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে উদযাপিত হয় ‘জাতীয় জন্ম নিবন্ধন দিবস, ২০১৯’। এ উপলক্ষে এক বর্ণাঢ্য র‍্যালি শেষে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। উক্ত আলোচনা সভায় সভাপতিত্ব করেন ইশরাত জাহান, উপ পরিচালক, স্থানীয় সরকার, খুলনা। সভায় বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমান পিএএ। এছাড়া জেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাসহ ইউনিসেফ, বাংলাদেশের প্রতিনিধিবৃন্দ এতে উপস্থিত ছিলেন।




‘জাতীয় জন্ম নিবন্ধন দিবস, ২০১৯’ এর আলোচনা সভায় বক্তব্য রাখছেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমান পিএএ

## ‘বাংলাদেশ শ্রম আইন ও শিল্প সম্পর্ক বিষয়ক প্রশিক্ষণ কোর্স’-এর শুভ উদ্বোধন

৬ অক্টোবর, ২০১৯ তারিখে শিল্প সম্পর্ক শিক্ষায়তন (আই.আর.আই), খুলনা এবং শ্রম অধিদপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের পরিচালনায় ‘বাংলাদেশ শ্রম আইন ও শিল্প সম্পর্ক বিষয়ক ৭১তম প্রশিক্ষণ কোর্স’ এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ।



‘বাংলাদেশ শ্রম আইন ও শিল্প সম্পর্ক বিষয়ক প্রশিক্ষণ কোর্স’-এর উদ্বোধনী অনুষ্ঠানে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## গাড়ি চালকদের ডিজিটাল হেলথ কার্ড বিতরণ অনুষ্ঠান

৬ অক্টোবর, ২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অন্যতম অঙ্গীকার নিরাপদ সড়ক বাস্তবায়নে খুলনা জেলার গাড়ি চালকদের মাঝে ডিজিটাল হেলথ কার্ড বিতরণ ও সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে এ মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধুর ভ্রাতুস্পুত্র ও খুলনা-২ আসনের সংসদ সদস্য সেখ সালাহউদ্দিন জুয়েল। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়া।



গাড়ি চালকদের ডিজিটাল হেলথ কার্ড বিতরণ করছেন খুলনা-২ আসনের সংসদ সদস্য সেখ সালাউদ্দিন জুয়েল

## ‘বিশ্ব বসতি দিবস, ২০১৯’ উদযাপন

৭ অক্টোবর, ২০১৯ তারিখে ‘বর্জ্যকে সম্পদে পরিণত করতে আধুনিক প্রযুক্তির ব্যবহার’-এই প্রতিপাদ্যকে সামনে রেখে জেলা প্রশাসন খুলনা কর্তৃক পালিত হয় ‘বিশ্ব বসতি দিবস, ২০১৯’। এ উপলক্ষে আয়োজিত এক বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভায় সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমান পিএএ।




‘বিশ্ব বসতি দিবস, ২০১৯’ উদযাপন উপলক্ষে র‍্যালি

# জেলা প্রশাসন, খুলনা কর্তৃক পরিচালিত মোবাইল কোর্টসমূহ



১৮ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে দাকোপ উপজেলার চুনকরী ও পশুর নদীর মাঝে অবস্থিত এনার্জিপ্যাক কোম্পানির একটি প্রতিষ্ঠান 'জি' গ্যাস এলপিজি লিমিটেডে মোবাইল কোর্টের অভিযান।



২২ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে মোবাইল কোর্টের ভেজাল বিরোধী অভিযান পরিচালনা করে 'দেশী কিচেন' রেস্টুরেন্টকে জরিমানা করা হয়।



৩ অক্টোবর, ২০১৯ তারিখে জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ হেলাল হোসেনের নেতৃত্বে বাজার মনিটরিং কালে পেঁয়াজের বাজারে অস্থিতিশীলতা দূর করতে অসাধু পেঁয়াজ ব্যবসায়ীকে জরিমানা করা হয়।



১৬ অক্টোবর, ২০১৯ তারিখে মোবাইল কোর্টের অভিযান চালিয়ে পর্চা (খতিয়ান) পাইয়ে দেওয়ার নাম করে সাধারণ মানুষের কাছ থেকে অতিরিক্ত টাকা নেওয়ার অপরাধে একজনকে জরিমানা করা হয়।



১ নভেম্বর, ২০১৯ তারিখে সিলিন্ডার গ্যাস বিক্রয় কেন্দ্র, গ্যাস বেলুন ও গোডাউনে মোবাইল কোর্ট পরিচালনা করে দাহ্য পদার্থ বিক্রয়ের বিস্ফোরক লাইসেন্স না থাকার অপরাধে কয়েকটি দোকানের মালিককে জরিমানা করা হয়।



১ নভেম্বর, ২০১৯ তারিখে খুলনা মহানগরীর বড় বাজার এলাকায় পরিবেশের জন্য ক্ষতিকর নিষিদ্ধ পলিথিন ও পলিজাত দ্রব্যাদি মজুদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করে জরিমানা করা হয়।



৭ নভেম্বর, ২০১৯ তারিখে রূপসা উপজেলায় অস্বাস্থ্যকর পরিবেশে হেডলেস চিংড়ি প্রক্রিয়াজাতকরণের দায়ে ব্যবসায়ীকে জরিমানা করা হয়।



১৯ নভেম্বর, ২০১৯ তারিখে বি আর টি এ কার্যালয়ে ড্রাইভিং টেস্ট পরীক্ষায় প্রক্সি দেওয়ায় অর্থাৎ একজনের পরীক্ষা অন্যজন দেওয়ায় ২ জনকে কারাদন্ড প্রদান করা হয়।


# জেলা প্রশাসনের মাদকবিরোধী কার্যক্রম



১ অক্টবর, ২০১৯ তারিখে মোবাইল কোর্টের অভিযানে ফেনসিডিল সেবন ও প্রাপ্তির অপরাধে চার জনকে জরিমানা ও প্রত্যেককে ৩ মাসের কারাদন্ড প্রদান করা হয়।




৪ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে মাদকবিরোধী গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাদকবিরোধী টাস্কফোর্সের এক জনসমাবেশে উপস্থিত ছিলেন খুলনা-৪ আসনের সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মুর্শেদী ও জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ।



৪ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে একজনের কাছে বিক্রয়ের উদ্দেশ্যে ব্যাগভর্তি গাঁজা উদ্ধার করা হলে বিক্রেতাকে অর্থদণ্ড ও কারাদণ্ড প্রদান করা হয়।




৫ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে মাদকবিরোধী গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ফ্রোজেন ফুডস্ এসোসিয়েসনের ব্যবসায়ীদের সাথে মতবিনিময় সভা।




১২ সেপ্টম্বর, ২০১৯ তারিখে খুলনা জেলার গ্রাম-পুলিশদের অংশগ্রহণে 'মাদক ও বাল্যবিবাহ প্রতিরোধে করণীয়' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ।



৬ নভেম্বর, ২০১৯ তারিখে খুলনা জেলা টাস্কফোর্সের মাদকবিরোধী গণসচেতনতামূলক আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ।



১৭ নভেম্বর, ২০১৯ তারিখে জেলা মাদক-বিরোধী টাস্কফোর্সের শুদ্ধি অভিযানের অংশ হিসেবে খুলনা জেলায় কর্মরত সরকারি কর্মকর্তা/ কর্মচারিদের ডোপ টেস্ট কর্মসূচির শুভ উদ্বোধন করেন খুলনা-২ আসনের সংসদ সদস্য সেখ সালাহউদ্দিন জুয়েল।



২৮ নভেম্বর, ২০১৯ তারিখে যৌতুক, বাল্যবিবাহ ও মাদকমুক্ত দেশ গড়ার লক্ষ্যে খুলনা জেলায় ব্যাপকভিত্তিক প্রচারণার অংশ হিসেবে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনার তদারকিতে রোড ডিভাইডারে বিলবোর্ড টাঙানো হয়।

# জেলা প্রশাসকের সাপ্তাহিক গণশুনানি

জেলা প্রশাসক, খুলনা'র কার্যালয়ে নিয়মিতভাবে গণশুনানি অনুষ্ঠিত হয়ে আসছে। এ গণশুনানিতে জনদরদী, দরিদ্র-বান্ধব ও কল্যাণমূলক কাজে আত্মনিয়োগকারী জেলা প্রশাসক মোহাম্মদ হেলাল হোসেন খুলনার প্রত্যন্ত অঞ্চল থেকে আসা বিভিন্ন শ্রেণী পেশার মানুষের অভাব-অভিযোগ এর কথা প্রত্যক্ষভাবে শুনেন এবং খুলনার প্রশাসনিক অভিভাবক হিসেবে তাদের সমস্যা সমাধানে যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণ করেন। ফলে গণশুনানির মাধ্যমে প্রশাসনে দিন দিন জনসম্পৃক্ততা বাড়ছে এবং এ কারণে সমস্যাগ্রস্ত দরিদ্র ও অসহায় মানুষের উপস্থিতি বেড়েই চলেছে এ গণশুনানিতে। আর এভাবেই জনগণ ও জেলা প্রশাসনের মধ্যে তৈরি হয়েছে এক আস্থার সম্পর্ক।



৪ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে অনুষ্ঠিত গণশুনানি




২০ নভেম্বর, ২০১৯ তারিখে অনুষ্ঠিত গণশুনানি

## জেলা প্রশাসন, খুলনার নদীর অবৈধ দখল উচ্ছেদ কার্যক্রম



২ সেপ্টম্বর, ২০১৯ তারিখে ময়ূর নদীসহ খুলনা জেলার ২৬ টি খালের অবৈধ দখলদার উচ্ছেদকল্পে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের নেতৃত্বে পরিচালিত হয় উচ্ছেদ অভিযান। জেলা প্রশাসনের উদ্যোগে পরিচালিত এই উচ্ছেদ অভিযান সরেজমিনে পরিদর্শন করেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক।




৭ নভেম্বর, ২০১৯ তারিখে সারাদেশে নদ-নদী ও খালের অবৈধ দখল উচ্ছেদ বিষয়ে করণীয় নির্ধারণে পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব কবির বিন আনোয়ার ৬৪ জেলার জেলা প্রশাসকগণের সাথে ভিডিও কনফারেন্সের মাধ্যমে যুক্ত হন।

## ‘শেখ হাসিনা নির্বাচিত উক্তি’ গ্রন্থের গুরুত্ব ও তাৎপর্য বিষয়ক মতবিনিময় সভা

৭ অক্টোবর, ২০১৯ তারিখে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর দেশে-বিদেশে বিভিন্ন সভা সেমিনার ও ওয়ার্কশপে প্রদত্ত ভাষণ/বক্তব্য নিয়ে জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া, মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১ (অতিরিক্ত সচিব) কর্তৃক সংকলিত গ্রন্থ ‘SHEIKH HASINA SELECTED SAYINGS’ এবং ‘শেখ হাসিনা নির্বাচিত উক্তি’ এর গুরুত্ব ও তাৎপর্যের উপর পেশাজীবীদের সাথে এক মতবিনিময় সভার আয়োজন করে জেলা প্রশাসন, খুলনা। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক।



‘শেখ হাসিনা নির্বাচিত উক্তি’ গ্রন্থের গুরুত্ব ও তাৎপর্য বিষয়ক মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## অন্ধদের মাঝে সাদা ছড়ি প্রদানের জন্য চেক বিতরণ

৭ অক্টোবর, ২০১৯ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন ১০০ জন অন্ধের মাঝে সাদা ছড়ি প্রদানের জন্য ২০,০০০ টাকার চেক বিতরণ করেন।


অন্ধদের মাঝে সাদা ছড়ি প্রদানের জন্য চেক বিতরণ করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## ব্যাঙ্গালুরুতে বিশ্ববিখ্যাত হৃদরোগ বিশেষজ্ঞ ডাঃ দেবী শেঠি এঁর সাথে জেলা প্রশাসক, খুলনা’র সাক্ষাৎ

১৭ অক্টোবর, ২০১৯ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ ভারতের ব্যাঙ্গালুরুতে বিশ্ববিখ্যাত হৃদরোগ বিশেষজ্ঞ ডাঃ দেবী শেঠি এঁর সাথে সাক্ষাৎ ও মতবিনিময় করেন। এসময় তিনি তাঁকে খুলনায় আমন্ত্রণপূর্বক সেমিনারে অংশগ্রহণ করার অনুরোধ জানান। খুলনার দরিদ্র, অনাথ ও অসহায় শিশুদের উন্নতমানের হৃদরোগের চিকিৎসাসহ অন্যান্য চিকিৎসা প্রদানের জন্য খুলনা শিশু হাসপাতালের সাথে সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরের জন্য ডাঃ দেবী শেঠিকে অনুরোধ করেন জেলা প্রশাসক।



সাক্ষাৎকালে ডাঃ দেবী শেঠিকে জেলা প্রশাসন, খুলনা’র শুভেচ্ছা উপহার তুলে দিচ্ছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## ‘জাতীয় কন্যা শিশু দিবস, ২০১৯’ উদযাপন

১০ অক্টোবর, ২০১৯ তারিখে ‘জাতীয় কন্যা শিশু দিবস, ২০১৯’ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। এসময় তিনি গরীব প্রতিবন্ধী ও মেধাবী শিক্ষার্থীদের চেকের মাধ্যমে পনের হাজার টাকার আর্থিক সহায়তা প্রদান করেন।



‘জাতীয় কন্যা শিশু দিবস, ২০১৯’ এর আলোচনা সভায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## শেখ রাসেলের ৫৫তম জন্মবার্ষিকী উদযাপন

১৮ অক্টোবর, ২০১৯ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৫তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে আয়োজিত হয় আলোচনা সভা, পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমানের সভাপতিত্বে জেলা প্রশাসন, খুলনা ও বাংলাদেশ শিশু একাডেমি, খুলনা কর্তৃক আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত জেলা প্রশাসক, খুলনা ও উপ-পরিচালক, স্থানীয় সরকার ইশরাত জাহান।



শেখ রাসেলের ৫৫তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে শিশুদের মাঝে পুরস্কার বিতরণ করছেন ভারপ্রাপ্ত জেলা প্রশাসক, খুলনা ইশরাত জাহান



## খুলনায় ‘শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়’ এর অনুমোদন দেওয়ায় আনন্দ-র‍্যালি

২০ অক্টোবর, ২০১৯ তারিখে খুলনা জেলায় ‘শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়’ স্থাপনের অনুমতি দেওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জেলা উন্নয়ন সমন্বয় কমিটি ও জেলা প্রশাসনের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করে এক আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠিত হয়।




‘শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়’ এর অনুমোদন দেওয়ায় আয়োজিত আনন্দ-র‍্যালিতে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## ‘জাতীয় নিরাপদ সড়ক দিবস, ২০১৯’ উদযাপন

২০ অক্টোবর, ২০১৯ তারিখে ‘জীবনের আগে জীবিকা নয়, সড়ক দুর্ঘটনা আর নয়’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে উদযাপিত হয় ‘জাতীয় নিরাপদ সড়ক দিবস, ২০১৯’। এ উপলক্ষে জেলা প্রশাসন, খুলনা ও বিআরটিএ, খুলনা কর্তৃক আয়োজিত এক বর্ণাঢ্য র‍্যালিতে নেতৃত্ব দেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক। র‍্যালি শেষে অনুষ্ঠিত হয় আলোচনা সভা।




‘জাতীয় নিরাপদ সড়ক দিবস, ২০১৯’ উপলক্ষে আয়োজিত র‍্যালিতে নেতৃত্ব দিচ্ছেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক

## মহান বিজয় দিবসের প্রস্তুতিমূলক সভা

২০ অক্টোবর, ২০১৯ তারিখে মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে এক প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে তাঁর সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। এতে আরো উপস্থিত ছিলেন পুলিশ সুপার, খুলনা এস এম শফিউল্লাহ, অতিরিক্ত জেল প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমানসহ জেলা প্রশাসন ও জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ।




মহান বিজয় দিবসের প্রস্তুতিমূলক সভায় সভাপতিত্ব করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## জেএসসি পরীক্ষার প্রস্তুতিমূলক সভা

২৪ অক্টোবর, ২০১৯ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে তাঁর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় জেএসসি, জেডিসি ও ভোকেশনাল পরীক্ষা, ২০১৯ এর প্রস্তুতিমূলক সভা। সকল পরীক্ষা কেন্দ্রের প্রতিনিধিদের উপস্থিতিতে এই সভা অনুষ্ঠিত হয়। সুষ্ঠু ও নির্বিঘ্নে পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে জেলা প্রশাসক, খুলনা দিক-নির্দেশনামূলক বক্তব্য রাখেন। সভায় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসান পিএএ, জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।




জেএসসি পরীক্ষার প্রস্তুতিমূলক সভায় সভাপতিত্ব করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## ‘SDG 6 Financing and Localisation Toolkit’ শীর্ষক কর্মশালা

২৮ অক্টোবর, ২০১৯ তারিখে খুলনা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ‘SDG 6 Financing and Localisation Toolkit’ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। কর্মশালাটিতে সভাপতিত্ব করেন উপ পরিচালক, স্থানীয় সরকার, খুলনা ইশরাত জাহান। আরো উপস্থিত ছিলেন জেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।




“‘SDG 6 Financing and Localisation Toolkit’ শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ”

## 'Orientation on Cyclone Early Action Protocol-EAP/Forecast Based Action- FBA' শীর্ষক কর্মশালা

২৯ অক্টোবর, ২০১৯ তারিখে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি কর্তৃক আয়োজিত 'Orientation on Cyclone Early Action Protocol-EAP/Forecast Based Action- FBA' শীর্ষক দুই দিনব্যাপী কর্মশালার সমাপনী দিনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ।



'Orientation on Cyclone Early Action Protocol- EAP/Forecast Based Action- FBA' শীর্ষক কর্মশালায় জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## এনজিও সুশাসন বিষয়ক বিভাগীয় কর্মশালা

৩১ অক্টোবর, ২০১৯ তারিখে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (TIB) এর আয়োজনে 'এনজিও সুশাসন বিষয়ক বিভাগীয় কর্মশালা' অনুষ্ঠিত হয়। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। এনজিও বিষয়ক ব্যুরো এর মহাপরিচালক কে এম আব্দুস সালাম এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।




'এনজিও সুশাসন বিষয়ক বিভাগীয় কর্মশালা'য় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## 'জয়িতা অন্বেষণে বাংলাদেশ' শীর্ষক কর্মসূচি

৩১ অক্টোবর, ২০১৯ তারিখে 'জয়িতা অন্বেষণে বাংলাদেশ' শীর্ষক কর্মসূচি, ২০১৮-২০১৯ এর আওতায় খুলনা সিটি কর্পোরেশন ও জেলা পর্যায়ে শ্রেষ্ঠ জয়িতাদের সংবর্ধনা প্রদান করা হয়। জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমান পিএএ।



"'জয়িতা অন্বেষণে বাংলাদেশ' শীর্ষক কর্মসূচিতে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দিচ্ছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ"

## জেলা প্রশাসক, খুলনা'র উদ্যোগ চাইল্ড ইন্টিগ্রিটি ও শিশু বঙ্গবন্ধু ফোরাম

প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের একটি উদ্ভাবনী উদ্যোগ 'Child Integrity and Shishu Bangabandhu Forum'। প্রাথমিক শিক্ষার মানোন্নয়নের পাশাপাশি এ উদ্যোগ শিশুদের বঙ্গবন্ধুর আদর্শে গড়ে তুলতে সহায়ক ভূমিকা পালন করবে। সমগ্র খুলনা জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এই উদ্যোগ বাস্তবায়নের পদক্ষেপ নিয়েছেন খুলনার জেলা প্রশাসক।



২৮ নভেম্বর, ২০১৯ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ রূপসা উপজেলা পরিদর্শনকালে নৈহাটী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে 'Child Integrity and Shishu Bangabandhu Forum' এর শুভ উদ্বোধন করেন




২৮ নভেম্বর, ২০১৯ তারিখে জেলা প্রশাসক, খুলনা'র সম্মেলন কক্ষে প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে 'চাইল্ড ইন্টিগ্রিটি ও শিশু বঙ্গবন্ধু ফোরাম' এর ভূমিকা শীর্ষক এক মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। সভায় উপস্থিত ছিলেন খুলনা মহানগরের সকল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকবৃন্দ

## জেলা প্রশাসক, খুলনা'র উদ্যোগ গ্রিন বেল্ট কর্মসূচি

পরিবেশবান্ধব ও সবুজ খুলনা গড়ে তুলতে জেলা প্রশাসন কর্তৃক গৃহীত 'গ্রিন বেল্ট' কর্মসূচির আওতায় ষোল লক্ষ বৃক্ষ রোপণের উদ্যোগ নেয়া হয়েছে। এ কর্মসূচির অংশ হিসেবে খুলনা জেলার বিভিন্ন উপজেলায় বৃক্ষ রোপণ করা হচ্ছে। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের এক অভিনব উদ্যোগ এটি। ইতোমধ্যে খুলনার বিভিন্ন প্রান্তে ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা রোপণ করা হয়েছে।



"৫ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে খুলনা-২ আসনের সংসদ সদস্য শেখ সালাহউদ্দিন জুয়েল গ্রিন বেল্ট কর্মসূচির আওতায় 'ষোল লক্ষ বৃক্ষরোপণ কর্মসূচি, ২০১৯' এর শুভ উদ্বোধন করেন"



৯ অক্টোবর, ২০১৯ তারিখে 'গ্রিন বেল্ট' কর্মসূচির আওতায় ষোল লক্ষ বৃক্ষ রোপণের অংশ হিসেবে খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক এবং জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন মহানগরীর জিলা স্কুল প্রাঙ্গণ ও স্টেডিয়াম সংলগ্ন এলাকায় বৃক্ষ রোপণ করেন।



২৫ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে সংসদ সদস্য ও সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি (বেসরকারি সদস্যদের বিল এবং সিদ্ধান্ত প্রস্তাব সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি) ব্যারিস্টারর শেখ ফজলে নূর তাপস 'গ্রিন বেল্ট' কর্মসূচির আওতায় ষোল লক্ষ বৃক্ষ রোপণের অংশ হিসেবে নির্মাণাধীন শেখ রাসেল ইন্টারন্যাশনাল টেনিস কমপ্লেক্স প্রাঙ্গণে গাছ রোপণ করেন।

## জেলা প্রশাসকের জেলা কারাগার পরিদর্শন

৫ নভেম্বর, ২০১৯ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ খুলনা জেলা কারাগার পরিদর্শনে যান। জেলা কারাগার পরিদর্শনকালে তিনি কয়েদিদের সাথে কথা বলেন এবং তাদের খোঁজ খবর নেন। এসময় তিনি কয়েদিদের আবাসস্থল ও খাবার সরবরাহ ব্যবস্থাপনা পর্যবেক্ষণ করেন। জেল সুপার জেলা প্রশাসক মহোদয়কে কারাগারের সার্বিক ব্যবস্থাপনা সম্পর্কে অবহিত করেন। জেলা প্রশাসক কারাগারের সার্বিক ব্যবস্থাপনা সম্পর্কে দিক নির্দেশনা দেন।




খুলনা জেলা কারাগারে মানবতার দেওয়াল পরিদর্শন করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## বার্ষিক অনুদানের চেক বিতরণ অনুষ্ঠান

৫ নভেম্বর, ২০১৯ তারিখে জেলা প্রশাসক, খুলনার সম্মেলন কক্ষে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক সমাজসেবা অধিদফতরের মাধ্যমে খুলনা জেলায় নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা সমূহের মাঝে ২০১৮-২০১৯ অর্থবছরের এককালীন বার্ষিক অনুদানের চেক বিতরণ অনুষ্ঠান আয়োজিত হয়। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক।




বার্ষিক অনুদানের চেক বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## বিশ্বের সর্ববৃহৎ সাইকেল র‍্যালি আয়োজনের প্রস্তুতি সভা

৫ নভেম্বর, ২০১৯ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম শতবর্ষে বিশ্বের সর্ববৃহৎ সাইকেল র‍্যালি আয়োজনের মাধ্যমে গিনেস বুকে নাম অন্তর্ভূক্তির লক্ষ্যে চতুর্থ প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এ সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। সভায় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমানসহ জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ এবং জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ।




বিশ্বের সর্ববৃহৎ সাইকেল র‍্যালি আয়োজনের প্রস্তুতিমূলক সভায় সভাপতিত্ব করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## জেলা প্রশাসকের 'বাস্তুহারা মাধ্যমিক বিদ্যালয়' পরিদর্শন

৫ নভেম্বর, ২০১৯ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ খুলনা সিটি কর্পোরেশনের অন্তর্গত মুজগুন্নি এলাকায় অবস্থিত বাস্তুহারা মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শন করেন। এসময় বিদ্যালয়ের জরাজীর্ণ ভবন এবং পুরাতন ভবনের নিচতলায় জলাবদ্ধতা পরিলক্ষিত হয়। এ দুরবস্থা লক্ষ্য করে জেলা প্রশাসক তাৎক্ষণিকভাবে জলাবদ্ধতা দূরীকরণের জন্য মাটি ভরাটের উদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন। এছাড়া এ বিদ্যালয়ের প্রায় ৯০% ছাত্র ছাত্রী সমাজের অনগ্রসর ও সুবিধাবঞ্চিত পরিবারের ছেলে-মেয়ে হওয়ায় ৬০ জন ছাত্র ছাত্রীর যাবতীয় শিক্ষার খরচ বাবদ শিক্ষাবৃত্তি প্রদান এবং দরিদ্র, মেধাবী ও সুবিধাবঞ্চিত ছাত্র-ছাত্রীদের বসবাসের জন্য বিদ্যালয় সংলগ্ন দ্বিতল আবাসিক ভবন নির্মাণের প্রতিশ্রুতি দেন তিনি।



'বাস্তুহারা মাধ্যমিক বিদ্যালয়' পরিদর্শন করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## বাংলাদেশের জাতীয় কর্মসংস্থান কৌশল প্রণয়নে বিভাগীয় মতবিনিময় সভা

৬ নভেম্বর, ২০১৯ তারিখে জেলা প্রশাসক, খুলনা'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় বাংলাদেশের জাতীয় কর্মসংস্থান কৌশল প্রণয়নের পূর্বে খুলনা বিভাগীয় মতবিনিময় সভা। মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমান পিএএ। এছাড়া জেলা প্রশাসনসহ খুলনা জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ এ সভায় উপস্থিত ছিলেন।




বাংলাদেশের জাতীয় কর্মসংস্থান কৌশল প্রণয়নে বিভাগীয় মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## আইনজীবীদের সাথে মতবিনিময় সভা

৬ নভেম্বর, ২০১৯ তারিখে জেলা প্রশাসক, খুলনা'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় আইনজীবীদের সাথে মতবিনিময় সভা। এ মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক। সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ।




আইনজীবীদের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক

## 'ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯' সংক্রান্ত সেমিনার

৭ নভেম্বর, ২০১৯ তারিখে 'ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯' প্রচারের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির লক্ষে এক সেমিনার আয়োজন করা হয়। জেলা প্রশাসন, খুলনা ও ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয়, খুলনা কর্তৃক আয়োজিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমানের সভাপতিত্বে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, খুলনার উপ-পরিচালক এস এম নাজিমুল ইসলাম।




'ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯' সংক্রান্ত সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## ঘূর্ণিঝড় বুলবুল মোকাবেলায় জেলা প্রশাসনের উদ্যোগ

৮ নভেম্বর, ২০১৯ তারিখে খুলনা সার্কিট হাউজের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় ঘূর্ণিঝড় বুলবুল মোকাবেলায় জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির জরুরি প্রস্তুতিমূলক সভা। জেলা প্রশাসন, খুলনা'র আয়োজনে এ সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। ৯ নভেম্বর, ২০১৯ তারিখে ঘূর্ণিঝড় বুলবুল উপদ্রুত এলাকা মোংলা সমুদ্র বন্দর সংলগ্ন এবং সুন্দরবনের সবচেয়ে নিকটবর্তী দাকোপ উপজেলার বাজুয়া ইউনিয়নে ঘূর্ণিঝড় দুর্গত জনগণের খোঁজ খবর নিতে এবং ত্রাণ বিতরণ করতে যান জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। এসময় আশ্রয় কেন্দ্রগুলোতে উপচে পড়া ভীড় পরিলক্ষিত হয়। জেলা প্রশাসক দুর্গতদের মাঝে শুকনো খাবার যথা চিড়া, মুড়ি ও গুড় বিতরণ করেন। অনেক ঘূর্ণিঝড় দুর্গত মানুষ পারিবারিক সাইলোতে এসব খাবার সংরক্ষণ করেন। এসময় সাথে ছিলেন খুলনার পুলিশ সুপার, সিভিল সার্জন, জেলা ত্রাণ কর্মকর্তাসহ জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ।




ঘূর্ণিঝড় বুলবুল মোকাবেলায় জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির জরুরি প্রস্তুতিমূলক সভায় সভাপতিত্ব করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ



ঘূর্ণিঝড় দুর্গতদের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## জলবায়ু পরিবর্তন ও এর প্রভাব বিষয়ক অবহিতকরণ কর্মশালা

১৪ নভেম্বর, ২০১৯ তারিখে 'কার্যকর ও জবাবদিহিতামূলক স্থানীয় সরকার (ইএএলজি) প্রকল্প'-এর আওতায় ইউনিয়ন পরিষদের জনপ্রতিনিধি ও সচিবগণের সাথে জলবায়ু পরিবর্তন ও এর প্রভাব বিষয়ক এক 'অবহিতকরণ কর্মশালা' জনস্বাস্থ্য প্রকৌশল ভবন, খুলনায় অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। কর্মশালায় সভাপতিত্ব করেন উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা ইশরাত জাহান।




জলবায়ু পরিবর্তন ও এর প্রভাব বিষয়ক অবহিতকরণ কর্মশালায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## পরিবহণ মালিক-শ্রমিক নেতৃবৃন্দের সাথে বৈঠক

১৯ নভেম্বর, ২০১৯ তারিখে চলমান পরিবহণ ধর্মঘটের প্রেক্ষিতে পরিবহণ মালিক-শ্রমিক নেতৃবৃন্দের সাথে বৈঠকে বসেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। বৈঠকে আরো উপস্থিত ছিলেন পুলিশ সুপার, খুলনা, উপ-পুলিশ কমিশনার (দক্ষিণ), কেএমপি খুলনা, উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক) এবং অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোঃ ইউসুপ আলী। খুলনা সার্কিট হাউজে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনার সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে দুই পক্ষের আলোচনা শেষে মধ্যস্থতার প্রেক্ষিতে পরিবহণ মালিক-শ্রমিক নেতৃবৃন্দ চলমান পরিবহণ ধর্মঘট প্রত্যাহার করে নেন।




পরিবহণ মালিক-শ্রমিক নেতৃবৃন্দের সাথে বৈঠকে বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## জেলা শিশু পরিবীক্ষণ কমিটির সভা

১৯ নভেম্বর, ২০১৯ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে তাঁর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় জেলা শিশু পরিবীক্ষণ কমিটির সভা। জেলা প্রশাসনের আয়োজনে এ সভায় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমানসহ জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ।



জেলা শিশু পরিবীক্ষণ কমিটির সভায় জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## কৃত্রিম লবণ সংকটের গুজব মোকাবেলায় জেলা প্রশাসনের উদ্যোগ

১৯ নভেম্বর, ২০১৯ তারিখে কৃত্রিম লবণ সংকটের গুজব ও কতিপয় অসাধু ব্যবসায়ীর অধিক মূল্যে লবণ বিক্রির মাধ্যমে বাজারে অস্থিতিশীলতা সৃষ্টির অপচেষ্টার প্রেক্ষিতে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ ব্যবসায়ী সমিতি ও লবণ মিল মালিক সমিতির নেতৃবৃন্দের সাথে জরুরি বৈঠক করেন। সভায় ব্যবসায়ী সমিতির প্রতিনিধিরা জানান যে, খুলনায় পর্যাপ্ত লবণ মজুদ আছে এবং অযথা আতংকিত হওয়ার কোন কারণ নেই। তাই অযথা গুজবে কান না দিয়ে জনসাধারণকে সাধারণভাবে লবণ ক্রয়-বিক্রয়ের অনুরোধ জানান জেলা প্রশাসক। এর ব্যত্যয় ঘটলে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে নির্দেশ প্রদান করেন তিনি।



কৃত্রিম লবণ সংকটের গুজব মোকাবেলায় জরুরি সভায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## টেইলরিং ও ড্রেসমেকিং প্রশিক্ষণ কার্যক্রমের মূল্যায়ন অনুষ্ঠান

২০ নভেম্বর, ২০১৯ তারিখে ২০১৮-১৯ অর্থ বছরে বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় প্রশিক্ষণ সম্পর্কিত টেইলরিং ও ড্রেসমেকিং প্রশিক্ষণ কার্যক্রমের ৫ দিনব্যাপী রিফ্রেসার্স ও মূল্যায়ন অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক।



টেইলরিং ও ড্রেসমেকিং প্রশিক্ষণ কার্যক্রমের মূল্যায়ন অনুষ্ঠানে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## পেঁয়াজের বাজার স্থিতিশীলকরণে জেলা প্রশাসনের উদ্যোগ

২১ নভেম্বর, ২০১৯ তারিখে দেশজুড়ে পেঁয়াজের অস্থিতিশীল বাজার-মূল্যের প্রেক্ষিতে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের নির্দেশে খুলনা নগরীর পাঁচটি পয়েন্টে ভ্রাম্যমান ট্রাকের মাধ্যমে টিসিবি প্রতি কেজি ৪৫ টাকা মূল্যে পেঁয়াজ বিক্রয় করে। ডিসি অফিস সংলগ্ন চৌরাস্তার মোড়ে টিসিবি পরিচালিত ভ্রাম্যমান ট্রাকে স্বল্প মূল্যে পেঁয়াজ বিক্রয় কার্যক্রমের শুভ উদ্বোধন করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা।



টিসিবি'র মাধ্যমে স্বল্পমূল্যে পেঁয়াজ বিক্রয় কার্যক্রমের উদ্বোধন করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## মন্ত্রিপরিষদ সচিবের সাথে জেলা প্রশাসকের ভিডিও কনফারেন্স

২১ নভেম্বর, ২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম ৮ বিভাগের বিভাগীয় কমিশনারগণ এবং ৬৪ জেলার জেলা প্রশাসকগণের সাথে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে সংযুক্ত হন। এসময় মন্ত্রিপরিষদ সচিব বিভিন্ন বিভাগ ও জেলার উন্নয়ন কর্মসূচি, আইন-শৃঙ্খলাসহ সার্বিক পরিস্থিতির খোঁজ-খবর নেন এবং দিক-নির্দেশনা প্রদান করেন। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ তাঁর সম্মেলন কক্ষ থেকে মন্ত্রিপরিষদ সচিবের সাথে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে যুক্ত হয়ে তাঁর দিক-নির্দেশনা সম্পর্কে অবহিত হন এবং তা বাস্তবায়নের তাৎক্ষণিক নির্দেশনা প্রদান করেন।




মন্ত্রিপরিষদ সচিবের সাথে ভিডিও কনফারেন্সে অংশগ্রহণকালে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## জেলা প্রশাসকের বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ড সরেজমিনে পরিদর্শন

২২ নভেম্বর, ২০১৯ তারিখে সাপ্তাহিক ছুটির দিনেও জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড সরেজমিনে পরিদর্শন ও তদারকি করতে যান। এসময় জেলা প্রশাসক খুলনার খালিশপুরে সরু রাস্তা প্রশস্তকরণের কাজ নিজে উপস্থিত থেকে পর্যবেক্ষণ করেন এবং দিক-নির্দেশনা দেন।



বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড সরেজমিনে পরিদর্শনকালে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টার খুলনা সফর

২২ নভেম্বর, ২০১৯ তারিখে প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. গওহর রিজভী খুলনার তেরখাদায় শহীদ স্মৃতি মাধ্যমিক বালিকা বিদ্যালয় পরিদর্শনে যান। পরিদর্শনকালে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তিনি জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের উদ্ভাবনী উদ্যোগ 'স্যালুব্রিয়াস সেন্টার কাম অটিজম রিফ্রেশমেন্ট সেন্টার'-এর শুভ উদ্বোধন করেন।




প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টার খুলনা সফরে 'স্যালুব্রিয়াস সেন্টার কাম অটিজম রিফ্রেশমেন্ট সেন্টার'-এর উদ্বোধন অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## শিশু অধিকার সনদের অর্জন, চ্যালেঞ্জ ও করণীয় সম্পর্কে আলোচনা সভা

২৫ নভেম্বর, ২০১৯ তারিখে শিশু অধিকার সনদের ৩০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত হয় শিশু অধিকার সনদের অর্জন, চ্যালেঞ্জ ও করণীয় সম্পর্কে আলোচনা সভা। সিবিও, শিশু সুরক্ষা জোট ও বাংলাদেশ শিশু একাডেমি, খুলনা'র আয়োজনে এ আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশের সহযোগীতায় সিএসএস আভা সেন্টারে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি তাঁর বক্তব্যে শিশুদের অধিকার সুরক্ষার লক্ষ্যে প্রশাসন ও অংশীজনদের করণীয় সম্পর্কে আলোকপাত করেন।




"শিশু অধিকার সনদের অর্জন, চ্যালেঞ্জ ও করণীয় সম্পর্কে আলোচনা সভায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ"

## সি. আর. সি স্কুলের উদ্বোধনী অনুষ্ঠান

২৫ নভেম্বর, ২০১৯ তারিখে জেলা প্রশাসন, খুলনা এবং Come for Road Child (CRC) এর যৌথ আয়োজনে রূপসা উপজেলায় সি. আর. সি স্কুলের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়। এ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমান পিএএ। পথশিশুদের শিক্ষার সুযোগ করে দিতে আধুনিক ও নৈতিক শিক্ষা প্রদানের অঙ্গীকার নিয়ে প্রতিষ্ঠিত হয় সি. আর. সি. স্কুল।



সি. আর. সি স্কুলের উদ্বোধনী অনুষ্ঠানে শিশুদের মাঝে পুরস্কার বিতরণ করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## জেলা কৃষি ঋণ কমিটির সভা

২৬ নভেম্বর, ২০১৯ তারিখে খুলনা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় জেলা কৃষি ঋণ কমিটির সভা। এতে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। সভায় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমানসহ জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ।




জেলা কৃষি ঋণ কমিটির সভায় সভাপতিত্ব করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## বাল্য বিবাহ রোধে এ্যাডভোকেসি বিষয়ক কর্মশালা

২৬ নভেম্বর, ২০১৯ তারিখে খুলনা সার্কিট হাউজের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় বাল্য বিবাহ রোধে নোটারি পাবলিক এবং কাজীদের নিয়ে এ্যাডভোকেসি বিষয়ক কর্মশালা। বাংলাদেশ সরকার ও ইউনিসেফের যৌথ কার্যক্রম কমিউনিকেশন ফর ডেভলপমেন্ট (C4D) প্রোগ্রামের আওতায় অনুষ্ঠিত এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। উপ-পরিচালক, স্থানীয় সরকার, খুলনা ইশরাত জাহানের সভাপতিত্বে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি কর্মশালায় বাল্য বিবাহের কুফল এবং বাল্যবিবাহ রোধে প্রশাসন, নোটারি পাবলিক, কাজী ও সর্বোপরি অভিভাবকদের ভূমিকা নিয়ে আলোচনা করেন।



বাল্য বিবাহ রোধে এ্যাডভোকেসি বিষয়ক কর্মশালায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## 'ইউনিয়ন পরিষদের দক্ষতা মূল্যায়ন, ওয়ার্ড সভা ও গণশুনানি আয়োজন বিষয়ক কর্মশালা'

২৭ নভেম্বর, ২০১৯ তারিখে 'ইউনিয়ন পরিষদের দক্ষতা মূল্যায়ন, ওয়ার্ড সভা ও গণশুনানি আয়োজন বিষয়ক কর্মশালা' অনুষ্ঠিত হয়। স্থানীয় সরকার, খুলনা কর্তৃক আয়োজিত এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ। উদ্বোধনকালে জেলা প্রশাসক বলেন, সরকারি দপ্তর ও প্রতিষ্ঠানগুলোর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে সরকার গণশুনানির ব্যবস্থা করেছে। গণশুনানির মাধ্যমে সাধারণ মানুষের অভিযোগ সরাসরি শুনে তা তাৎক্ষণিক সমাধান করা যায়। এর ফলে সেবা প্রদানকারী এবং সেবা গ্রহীতার মধ্যে আস্থা ও সুসম্পর্ক সৃষ্টি হয়।




'ইউনিয়ন পরিষদের দক্ষতা মূল্যায়ন, ওয়ার্ড সভা ও গণশুনানি আয়োজন বিষয়ক কর্মশালা'য় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ

## জেলা প্রশাসকের খুলনা-মোংলা রেলপথের নির্মাণ কাজের অগ্রগতি পরিদর্শন

২৭ নভেম্বর, ২০১৯ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ নির্মাণাধীন খুলনা-মোংলা রেলপথের নির্মাণ কাজের অগ্রগতি পরিদর্শনে যান। এসময় তিনি খুলনা-মোংলা রেলপথসহ বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন ও তদারকি করেন। জেলা প্রশাসকের সাথে এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (এল.এ), খুলনা মোঃ ইকবাল হোসেনসহ সড়ক ও জনপথ অধিদপ্তর, খুলনা'র নির্বাহী প্রকৌশলী তাপসী দাশ।



জেলা প্রশাসকের খুলনা-মোংলা রেলপথের নির্মাণ কাজের অগ্রগতি পরিদর্শন করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পিএএ







■ **সার্বিক তত্ত্বাবধানে**

**মোহাম্মদ হেলাল হোসেন পিএএ**
জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা

■ **সম্পাদনায়**

**জিয়াউর রহমান পিএএ**
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা ও
আহ্বায়ক, উন্নয়ন বার্তা প্রকাশনা কমিটি

**শারমিন জাহান লুনা**
সহকারী কমিশনার, খুলনা ও
সদস্য, উন্নয়ন বার্তা প্রকাশনা কমিটি

**দেবাশীষ বসাক**
সহকারী কমিশনার, খুলনা ও
সদস্য সচিব, উন্নয়ন বার্তা প্রকাশনা কমিটি

ফেসবুক পেজসমূহ ঃ

* মিডিয়া সেল, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
* DC Khulna